

অধ্যক্ষের কার্যালয়
সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল
বিজ্ঞপ্তি

২০২০-২০২১ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) ভর্তির প্রাথমিক আবেদন ফরম জমা সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) কোর্সে ভর্তি হতে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের নিম্নে উল্লেখিত নিয়মানুসারে ভর্তির প্রাথমিক আবেদন ফরম স্ব-স্ব বিভাগে জমা দিতে পারবে। ভর্তির আবেদন জমা সংক্রান্ত তথ্য ও বিবরণী নিম্নরূপ:

১. ভর্তির আবেদন করার নিয়মাবলী

- ক) আবেদনের জন্য আত্মহী প্রার্থী ০৫/০৯/২০২২ থেকে ২০/০৯/২০২২ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে ভর্তি বিষয়ক Website www.nu.ac.bd/admissions-এ ভর্তির আবেদন ফরম প্রিন্ট করে ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে প্রাথমিক আবেদনের ফি জমা দিয়ে Txn Number লিখে কলেজের স্ব-স্ব বিভাগে ২০/০৯/২০২২ তারিখের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) অবশ্যই জমা দিতে হবে।
- খ) আবেদনকারীকে (Website www.nu.ac.bd/admissions) Masters Tab-এ গিয়ে Apply Now (Masters Reg.) অপশনে ক্লিক করতে হবে এবং Website-এ প্রদর্শিত তথ্য ছকে আবেদনকারীর স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স/প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাসের সন, নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এছাড়া "জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয়/রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"-মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামার স্ক্যান করে অনলাইন আবেদনে আপলোড করতে হবে।
- গ) প্রাথমিক আবেদনের ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে জমা দিতে হবে। Rocket এর মাধ্যমে ফি পরিশোধের Txn Number আবেদন ফরমে লিখে স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।
- ঘ) ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে প্রাথমিক আবেদনের ফি জমা দেয়ার নিয়ম:

| Biller ID | Bill Number |
|---------------------------------------|---|
| Biller ID এর জায়গায় 3288 লিখতে হবে। | Bill Number এর জায়গায় আবেদনের রোল নম্বর ও মোবাইল নম্বর লিখতে হবে। |

স্বাক্ষরিত/-

প্রফেসর ড. মোহাম্মদ গোলাম কিবরিয়া
অধ্যক্ষ
সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে সম্মানিত বিভাগীয় প্রধানগণকে অনুলিপি দেয়া হল :

- ১) ২০২০-২০২১ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) ভর্তির প্রাথমিক আবেদন ফরম গ্রহণের নিয়মাবলী যথাযথভাবে অনুসরণ করার জন্য সম্মানিত বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হল (প্রয়োজ্য ক্ষেত্রে ভর্তির নির্দেশিকা Download করে নেয়া যাবে)।
- ২) প্রাথমিক আবেদন ফরমের ক্রমিক নম্বর দিতে হবে: সকল বিষয় ০০১ থেকে চলবে।
- ৩) প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়নের জন্য প্রতিদিন বেলা ৩:০০টার মধ্যে সকল কাগজপত্রসহ ক্রমিক নম্বরের সিরিয়াল অনুযায়ী সাজিয়ে আবেদন ফরম কলেজের ভর্তি শাখায় জমা দিতে হবে।
- ৪) আবেদন ফরমের মূল্য বাবদ ৩০০/- (তিনশত) টাকা জমা হয়েছে কিনা তা যাচাই করে ফরম জমা নিতে হবে।
- ৫) আবেদন ফরমের মূল কপি জমা দিতে হবে।
- ৬) আবেদন ফরম এর কলেজের অংশ ও শিক্ষার্থীর অংশে স্ব-স্ব বিভাগের বিভাগীয় প্রধান স্বাক্ষর করবেন।
- ৭) আবেদন ফরমের কলেজের অংশে শিক্ষার্থীর সচল মোবাইল নম্বর লিখছে কি-না তা যাচাই করে জমা নিতে হবে।

০৫-০৯-২০২২
প্রফেসর ড. মোহাম্মদ গোলাম কিবরিয়া
অধ্যক্ষ
সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল।